

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৭৭

আগরতলা, ১৩ মার্চ, ২০১৮।

চড়িলাম বিধানসভা কেন্দ্রে ভোট পড়েছে ৮০.৭৯ শতাংশ

গতকাল শান্তিপূর্ণভাবে ১৯-চড়িলাম (এস টি) বিধানসভা কেন্দ্রে নির্বাচন সম্পন্ন হয়েছে। এই কেন্দ্রে ভোট পড়েছে ৮০.৭৯ শতাংশ। এই কেন্দ্রের জন্য কোন পোষ্টাল ব্যালট ইস্যু হয়নি। তবে সার্ভিস ভোটার ছিলেন ১১৫ জন। আজ সন্ধ্যায় রাজ্য নির্বাচন দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরুণীকান্তি এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, আগামী ১৫ মার্চ বিশালগড় এস ডি এম অফিসে চড়িলাম কেন্দ্রের ভোট গণনা করা হবে। শ্রীরাম তরুণীকান্তি জানান, সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনে সারা রাজ্যে সার্ভিস ভোটার ছিলেন ৬৫৮৫ জন। এর মধ্যে ১৭০৩ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। সাংবাদিক সম্মেলনে মুখ্য নির্বাচন আধিকারিক ছাড়াও অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক তাপস রায়, দেবাশিষ বসু এবং দেবাশিষ মোদক উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*